কক্সবাজারের হোটেলে আগুন, অল্পের জন্য বাঁচলেন ৩ শতাধিক পর্যটক



ছবি: সংগৃহীত

কক্সবাজারের সুগন্ধা পয়েন্টে দ্য সি প্রিন্সেস আবাসিক হোটেলের নিচতলার পার্কিং এলাকায় আগুন লাগার ঘটনা ঘটেছে। শুক্রবার (২৩ অক্টোবর) বিকেলে এ সময় হোটেলে থাকা তিন শতাধিক পর্যটককে নিরাপদে সরিয়ে নেওয়া হয়। এতে কেউ হতাহত হননি।

বিকেল ৪টার দিকে আগুন লাগার খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে যায়। প্রায় আধঘণ্টার চেষ্টায় ফায়ার সার্ভিস ও হোটেল কর্তৃপক্ষ আগুন নিয়ন্ত্রণে আনে। এতে জেনারেটরসহ পার্কিং এলাকার কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়।

কক্সবাজার ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক সৈয়দ মুহাম্মদ মোরশেদ হোসেন জানান, প্রাথমিকভাবে জেনারেটরের শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

হোটেলটির ব্যবস্থাপনা পরিচালক আব্দুল কাদের জানান, কর্মীদের দ্রুত পদক্ষেপে বড় দুর্ঘটনা এড়ানো গেছে এবং সব পর্যটক নিরাপদে রয়েছেন।

এর আগে ১৭ অক্টোবর উখিয়ার ইনানী এলাকার টুপটুপ রিসোর্টে আগুনে ১০ পর্যটকের মৃত্যু হয়। এর ছয় দিনের মাথায় কক্সবাজারের আরেকটি হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনায় পর্যটনকেন্দ্রের হোটেল-রিসোর্টগুলোর অগ্নিনিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।